

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪৮৫

আগরতলা, ৪ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ২৫ সেপ্টেম্বর, ২০২৪ দৈনিক সংবাদ পত্রিকায় ‘জাল পিআরটিসি-তে বাইরের ছেলেরা ইন্টারভিউ দিচ্ছে রাজ্যে’ শীর্ষক খবরটি রাজস্ব দপ্তরের দৃষ্টি আকর্ষণ করেছে। এই বিষয়ে দপ্তরের বক্তব্য হল, উল্লেখিত সংবাদটিতে কোন সুনির্দিষ্ট অভিযোগ উত্থাপিত হয়নি। দিল্লি, উত্তরপ্রদেশ ও বিহার থেকে আসা কয়েকজন চাকুরীপ্রার্থীকে ইতিমধ্যেই পাকড়াও করেছে বলে সংবাদটিতে উল্লেখ রয়েছে। তবে বিষয়টিতে দপ্তরের নজর রয়েছে এবং সুনির্দিষ্ট তথ্য পেলে অবশ্যই প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। তাছাড়াও রাজস্ব দপ্তরের পক্ষ থেকে প্রত্যেক মহকুমা শাসকদের উল্লেখিত সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন ও নজরদারি নেওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।
